# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 21 April, 2025

পাবনার কয়েকটি এলাকায় আলাদা তিনটি অভিযান চালিয়ে বিদেশী অস্ত্র, গুলি সহ বেশকিছু মাদকদ্রব্য জব্দ করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।এ সময় জড়িত চারজনকে আটক করা হয়।

সোমবার (২১ এপ্রিল) বিভিন্ন সময়ে পাবনা সদর উপজেলার কাশিপুর, হেমায়েতপুর মালিথা পাড়া এবং মোহরপুর এলাকায় অভিযান চালিয়ে জব্দ ও আটক করা হয়।

এদিন বিকেলে পাবনা জেলা পুলিশ সুপার কার্যালয়ের কনফারেন্স রুমে এক প্রেসব্রিফিং এ এসব তথ্য জানান।

আটককৃতরা হলেন, পাবনা সদরের দোহারপাড়া এলাকার মৃত শেখ ফরিদের ছেলে জাহিদ হাসান রানা (৩৩), হেমায়েতপুর মালিথা পাড়া এলাকার এস এম আজমের ছেলে সাজ্জাদ হোসেন (২৬), কিসমত প্রতাপপুর এলাকার আব্দুল জলিলের ছেলে আব্দুল রানা (৪১) ও মোহরপুর এলাকার কুদ্দুস শেখের ছেলে রাসেল হোসেন (৪৫)।

জব্দকৃত অস্ত্র-মাদকের মধ্যে রয়েছে, একটি বিদেশী পিস্তল, ৬২ রাউন্ড গুলি, দুইটি ম্যাগাজিন, ৪ হাজার ৫০ পিচ ইয়াবা ট্যাবলেট, ৮০ গ্রাম হেরোইন এবং একটি বিদেশী শটগান ও ৫ রাউন্ড শর্টগানের গুলি।

পুলিশ সুপার মোরতোজা আলী খাঁন বলেন, পাবনা ডিবির ওসি হাসান বাসির এর নেতৃত্বে সদর উপজেলার হেমায়েতপুর ইউনিয়নের  কাশিপুর বাজার এলাকায় অভিযান চালিয়ে

মাদক ব্যবসায়ী জাহিদ হাসান রানা কে আটক ও তার কাছ থেকে ৫০ পিচ ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়।

এছাড়া একই টিম হেমায়েতপুর মালিথা পাড়া এলাকায় এস এম আজম এর মালিকানাধীন পুকুরের মধ্যে অবস্থিত টিনের ঘরের ভিতর অভিযান চালিয়ে সাজ্জাদ হোসেন ও আব্দুল রানা কে আটক করা হয়।এ সময় তাদের কাছ থেকে একটি সচল বিদেশী ৭.৬৫ পিস্তল, ওই পিস্তলের দু’টি ম্যাগাজিন, ১৩ রাউন্ড ৭.৬৫ এর তাজা গুলি, ২২ বোরের ৪৯ রাউন্ড তাজা গুলি, ৪ হাজার পিচ ইয়াবা ট্যাবলেট, ও ৮০ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

অপরদিকে ডিবির এসআই (নিঃ) বেনু রায় এর নেতৃত্বে একটি টিম পাবনা সদর উপজেলার গয়েশপুর ইউনিয়নের মোহরপুর

গ্রামের সুতার কারখানার পিছনে অভিযান চালিয়ে রাসেল হোসেন কে আটক করা হয়।এ সময় তার বসতঘরের চৌকির তোষকের নিচ থেকে জব্দ করা হয় একটি বিদেশি ১২ বোরের তুরস্কের তৈরী শর্টগান এবং ৫ রাউন্ড শর্টগানের গুলি।

পুলিশ সুপার আরো জানান, এসব ঘটনায় পাবনা সদর থানায় পৃথক পৃথক মামলা দায়েরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।মামলা দায়েরের পর আটক চারজনকে সেই মামলায় গ্রেপ্তার দেখিয়ে মঙ্গলবার (২২ এপ্রিল) আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

পুলিশ ডিবি অস্ত্র গুলি আটক মাদক জব্দ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 20:42

URL: https://timestodaybd.com/rajshahi/7758071210